উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা পরিষদ কার্যালয়

তারাকান্দা, ময়মনসিংহ

## সভার নোটিশ

আগামী ১৭.০৫.২০২২ খ্রি. তারিখ বেলা ১২.০০ টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভার সভাপতিত্ব করবেন জনাব মোঃ ফজলুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ। সভার সম্মানিত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল।

(মিজাবে রহমত)
উপজেলা নির্বাহী অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।

১। উপজেলা.............................................অফিসার, তারাকান্দা ।

২। চেয়ারম্যান
তারাকান্দা/বানিহালা/কাকনী/গালাগাঁও/বালিখা
ঢাকুয়া/রামপুর/কামারিয়া/কামারগাঁও/বিসকা ইউনিয়ন পরিষদ, তারাকান্দা।

৩। জনাব.....................................................................
.....................................................................

স্মারক নং- ০৫.৪৫.৬১৮৮.০০১.০৬.০০০.২১- ৯৬৬     তারিখ ঃ ১২.০৫.২০২২ খ্রি.

অনুলিপিঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৪৭, ময়মনসিংহ-২ (তারাকান্দা-ফুলপুর)
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
৬। ..........................................................
..........................................................
..........................................................

উপজেলা নির্বাহী অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।

# তারাকান্দা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ ফজলুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ১৭/০৫/২০২২ খ্রিঃ সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

জনাব মোঃ ফজলুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা কে সভাপতি সভা পরিচালনা করার আহ্বান জানান। আলোচ্য সূচির ক্রমধারা অনুযায়ী সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণ বিভিন্ন সমস্যাবলি সমাধানকল্পে বক্তব্য উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপনান্তে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

আলোচ্য সূচি-১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।

বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কারো কোনো সংযোজন বিয়োজন কিংবা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য সূচি-২ঃ গত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।

১। গত সভার বিভিন্ন বিভাগের গৃহিত কার্যক্রম সময়মত সম্পন্ন হয়েছে।

| ক্রঃনং | প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, তারাকান্দা ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, তারাকান্দা ইউনিয়নের গোহালকান্দি গ্রাম থেকে বালিখা ইউনিয়নের মাসকান্দা গ্রাম হয়ে বয়ে যাওয়া খালটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি খাল। উক্ত খালটি বিভিন্ন স্থানে বন্ধ হয়ে যাওয়ায় গোহালকান্দি গ্রামের ফসলি জমি পানির নিচে তলিয়ে যায়। খালটি খননের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২ | চেয়ারম্যান, বানিহালা ইউনিয়ন পরিষদ | সভায় জানান যে, তারাকান্দা বাজারের সোনালী ব্যাংকের সামনের রাস্তাটি দ্রুততম সময়ের মধ্যে সংস্কার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। অন্যথায় বর্ষামৌসুমে জনদুর্ভোগ চরম আকার ধারণ করবে বলে সভাকে অবহিত করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৩ | চেয়ারম্যান, ঢাকুয়া ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, কেন্দুয়া বাজারে কিছু দিন পূর্বে আগুনে পুড়ে বেশ কয়েকটা দোকন ঘর পুড়ে যায়। পুড়ে যাওয়া দোকানের মালিকগণ সরকারী আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছিল। কিন্তু অদ্যবধি কোন প্রকার সাহায্য ক্ষতিগ্রস্ত লোকগুলো পায়নি। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও তিনি মাননীয় এমপি মহোদয়ের বরাদ্দকৃত উন্নয়ন প্রকল্প সমূহ যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তারাকান্দা |
| ৪ | চেয়ারম্যান, রামপুর ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, রামপুর ইউনিয়নের হিরারকান্দা ব্রীজটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। গোহালকান্দি-হিরারকান্দা ব্রীজটি মেরামত করলে সাধারণ জনগণ উপকৃত হবে। এছাড়াও তিনি জানান তার ইউনিয়নে সরকারী রাস্তাকে পাড় হিসাবে ব্যবহার করে পুকুর খনন করার ফলে রাস্তাসমূহ ভেঙ্গে নস্ট হয়ে যাচ্ছে। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তারাকান্দা |
| ৫ | চেয়ারম্যান, কামারিয়া ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, কামারিয়া থেকে কাশিগঞ্জ বাজারের ভিতরের রাস্তাটির অবস্থা খুবই নাজেহাল। উক্ত রাস্তা দিয়ে হাজার হাজার লোকজন যাতায়াত করে। রাস্তাটি দ্রুততম সময়ের মধ্যে মেরামত করা প্রয়োজন। এছাড়াও তিনি জানান কাশিগঞ্জ বাজারের ২টি ড্রেন কাপড় ও মাছ ও সবজি মহাল এবং ইউপি পরিষদের সামনের ড্রেনটি পরিস্কার করা অত্যন্ত জরুরী। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৬ | চেয়ারম্যান, কামারগাও ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, সমাজসেবা অধিদপ্তরাধীন বিভিন্ন সামাজিক নিরাপত্তা বেস্টনীর আওতায় উপকারভোগীদের জন্য নগদ অর্থ, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে যায়। কিন্তু বেশ কিছু উপকারভোগীর কার্ডের টাকা সংশ্লিষ্ট মোবাইলে যায়নি। এ বিষয়ে বিভিন্ন ভাবে লোকজন অফিসে যোগাযোগ করে সুরাহা পাচ্ছে না। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৭ | চেয়ারম্যান, বিসকা ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, কাশিগঞ্জ বাজারের মসজিদের সামনের ড্রেন নির্মাণ করার প্রয়োজন। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তারাকান্দা | সভায় জানান যে, ইজিপিপি কর্মসূচীর কাজ ইতো মধ্যে শুরু হয়ছে। সকল প্রকল্পে সভাপতি সহ সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি জানান যে, সামনে যেহেতু বর্ষাকাল তাই কোথাও কোন দুর্যোগ দেখা দিলে প্রশাসন কে জানানোর জন্য অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৯ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা | তিনি সভায় জানান যে, উপজেলা পরিষদের ম্যানুয়াল মোতাবেক বিভিন্ন দপ্তরের দপ্তর প্রদানগণ উপজেলা স্থায়ী কমিটির সদস্য সচিব। প্রতি দুই মাস অন্তর অন্তর উপজেলা কমিটি সমূহে সভা করার বিধান রয়েছে। উক্ত সভা সমূহ নিয়মিত আয়োজন করে সভার রেজুলেশন ও হাজিরা প্রস্তুত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১০ | জনাব বাবুল মিয়া সরকার, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ তারাকান্দা উপজেলা শাখা | সভায় জানান যে, সভায় আলোচ্য প্রস্তাবিত বিষয় সমূহ যাচাই বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১১ | জনাব প্রদীপ কুমার চক্রবর্তী রনু ঠাকুর, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ তারাকান্দা উপজেলা শাখা | সভায় জানান যে, সভায় আলোচ্য প্রস্তাবিত বিষয় সমূহ যাচাই বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা | তিনি সভায় জানান যে, সরকারী পাকা ও কাচা রাস্তাকে পাড় হিসাবে ব্যবহার করে পুকুর খনন কারীদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা পরিষদের ডরমেটরী ভবন, চেয়ারম্যান কোয়ার্টার এবং কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক ভবন নির্মাণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র যোগাযোগ গ্রহণ করা হবে। তারাকান্দা উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট সভায় উপস্থাপন করা হয়। | তারাকান্দা উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট যাচাই বাছাইন্তে চুড়ান্ত অনুমোদন অনুমোদিত হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা | তিনি সভায় জানান যে, সভায় আলোচিত প্রতিটি প্রস্তাবনাসমূহ যাচাই বাছাই পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তারাকান্দা |

বিবিধ আলোচনা-৩ঃ

সভায় আলোচনাক্রমে ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত মতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়ন করতে হবে।

১। উপজেলা পরিষদের অভ্যন্তরে প্লে গ্রাউন্ডের দুই পাশে বৃক্ষ রোপন বাবদ-২.০০ লক্ষ টাকা পিআইসির মাধ্যমে ব্যায় করার প্রস্তাব করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহিবল হতে ২.০০ (দুই লক্ষ) টাকা পিআইসি কমিটির মাধ্যমে সরকারি বিধি বিধান পরিপালনপূর্বক ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপস্থিতি আরামদায়ক করার নিমিত্ত এসি স্থাপন বাবদ- ২.০০ লক্ষ টাকা পিআইসির মাধ্যমে ব্যায় করার প্রস্তাব করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহিবল হতে ২.০০ (দুই লক্ষ) টাকা পিআইসি কমিটির মাধ্যমে সরকারি বিধি বিধান পরিপালনপূর্বক ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। উপজেলায় আগত ভিভিআইপি এবং ভিআইপিদের উপস্থিতি আরামদায়ক করার নিমিত্ত ইউএনও বাংলোতে এসি স্থাপন বাবদ ২.০০ লক্ষ টাকা পিআইসির মাধ্যমে ব্যায় করার প্রস্তাব করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহিবল হতে ২.০০ (দুই লক্ষ) টাকা পিআইসি কমিটির মাধ্যমে সরকারি বিধি বিধান পরিপালনপূর্বক ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। বানিহালা ইউনিয়নের লাউটিয়া গুচ্ছগ্রামের রাস্তা মেরামত বাবদ ১.০০ লক্ষ টাকা পিআইসির মাধ্যমে ব্যায় করার প্রস্তাব করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহিবল হতে ১.০০ (এক লক্ষ) টাকা পিআইসি কমিটির মাধ্যমে সরকারি বিধি বিধান পরিপালনপূর্বক ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। উপজেলাধীন হাইওয়ে সড়কে রোড সাইন স্থাপনের লেবার বিল ও উপজেলা চত্বরের বৃক্ষ ও ফুল বাগানে বেড়া স্থাপন বাবদ ২৫,০০০/- টাকা করার প্রস্তাব করা হয়।

সিদ্ধান্তঃ আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহিবল হতে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা সরকারি বিধি বিধান পরিপালনপূর্বক ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৭.৫.২২

(মোঃ ফজলুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তারাকান্দা, ময়মনসিংহ।

স্মারক নং- ০৫.৪৫.৬১৮৮.০০১.০৬.০০০.২০- ১৬৫

তারিখ ঃ ১৭/০৫/২০২২খ্রি.

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৭-ময়মনসিংহ-২, ফুলপুর-তারাকান্দা, ময়মনসিংহ ।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ ।
৩। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

বিতরণ কার্যার্থে ঃ

১। চেয়ারম্যান, তারাকান্দা উপজেলা পরিষদ, ময়মনসিংহ ।
২। ভাইস চেয়ারম্যান, তারাকান্দা উপজেলা পরিষদ, ময়মনসিংহ ।
৩। মহিলা ভাইস চেয়ারম্যান, তারাকান্দা উপজেলা পরিষদ, ময়মনসিংহ ।
৪। উপজেলা -------------------------------------অফিসার, তারাকান্দা উপজেলা ।
৫। চেয়ারম্যান, ------------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), তারাকান্দা ।

১৭.৫.২০২২

(মিজাবে রহমত)
উপজেলা নির্বাহী অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।
unotarakanda@mopa.gov.bd
মোবাইলঃ ০১৭৩৩ ৩৭৩৩৫০